



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৯/০১/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

পাবিত্রবি ও জনতা ব্যাংকের মধ্যে ১০০ কোটি টাকার কর্পোরেট গৃহঋণ চুক্তি স্বাক্ষর

(১৯/০১/২০২১): আজ মঙ্গলবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং জনতা ব্যাংক বিশ্ববিদ্যালয় শাখার মধ্যে ১০০ কোটি টাকার কর্পোরেট গৃহঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীদের ঋণ প্রদানের জন্য ১০০ কোটি টাকার এই গৃহঋণ চুক্তিটি উপাচার্য দণ্ডেরে অনুষ্ঠিত হয়েছে।



পাবিত্রবি ও জনতা ব্যাংকের মধ্যে আজ মঙ্গলবার ১০০ কোটি টাকার কর্পোরেট গৃহঋণ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে শীর্ষ কর্মকর্তাবৃন্দ।

চুক্তি স্বাক্ষরের সময় বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষরী হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. এম রোস্তম আলী ও কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ। জনতা ব্যাংকের পক্ষে উপস্থিত ছিলেন ডেপুটি জেনারেল ম্যানেজার জাহাঙ্গীর হোসেন জোয়ার্দার, অ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার আব্দুল হামিদ ও নজরুল ইসলাম। বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) বিজন কুমার ব্রহ্ম ও অর্থ ও হিসাব দণ্ডেরের অতিরিক্ত পরিচালক মোঃ শাহান শাহ এবং ব্যাংকের পক্ষে স্বাক্ষর করেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ব্যবস্থাপক মোঃ রফিকুল ইসলাম বকুল। এসময় আরো উপস্থিত ছিলেন জনসংযোগ দণ্ডেরের উপ-পরিচালক ফারুক হোসেন চৌধুরী, অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক শামসাদ ফখরুল।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম বলেন, এই চুক্তি হওয়ায় আমাদের কর্মরতরা অপেক্ষাকৃত সহজ শর্তে ঋণ পাবেন। ডেপুটি জেনারেল ম্যানেজার জাহাঙ্গীর হোসেন জোয়ার্দার বলেন, ৯% সরলসুদে ঋণ প্রদান করা হবে। এর মাধ্যমে সংশ্লিষ্টরা উপকৃত হবেন বলে আমি বিশ্বাস করি।

বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন শাখা ব্যবস্থাপক রফিকুল ইসলাম বলেন, দেশের সবচেয়ে নবীন শাখা হিসেবে এত বড় অংকের ঋণচুক্তি বিশ্ববিদ্যালয় এবং ব্যাংক আমাদের উভয় প্রতিষ্ঠানের জন্য বড় অর্জন। শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের গৃহ নির্মাণের জন্য ১০০ কোটি টাকা পর্যায়ক্রমে বিতরণ করা হবে। এই ঋণটির সময়কাল হবে ১৫ বছর মেয়াদী।

বার্তা প্রেরক-

১৯-০১-২০২১

মোঃ ফারুক হোসেন চৌধুরী

উপ পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।